


স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬২.১৮.০০৩.১৬ (২) - ৪৩৩

তারিখ : ০৩/০৮/২০১৬খ্রিঃ।

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন জেলায় অবস্থিত সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক ঢাকা, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট ঢাকা, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট ফেনী, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট কুমিল্লা, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ডিটিটিআই) বগুড়া এ ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ১ম ও ২য় শিফটের এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ১ম শিফটের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ আগামী ১৬/০৮/২০১৬খ্রিঃ তারিখ শুরু হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরুর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে উপস্থিত হতে হবে, অন্যথায় তাদের ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.techedu.gov.bd) থেকে নির্ধারিত ভর্তি ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণপূর্বক এসএসসি পাসের মূল নম্বরপত্র, প্রশংসাপত্র, কোটা সংক্রান্ত মূল কাগজপত্র স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ বরাবর জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে কেহ সংশ্লিষ্ট কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, অন-লাইনে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের চূড়ান্ত অবস্থান কোন ইনস্টিটিউট ও টেকনোলজিতে আছে তা (www.techedu.gov.bd) ওয়েবসাইট হতে পাওয়া যাবে।


(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পিআইডব্লিউ)
ফোন-৯১১০৮০৪
৩১/৮/১৬

বিতরণ :

- ১-৪৯। অধ্যক্ষ, পলিটেকনিক.....পলিটেকনিক ইনস্টিটিউট/
বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, ঢাকা/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট ঢাকা/বাংলাদেশ সার্ভে
ইনস্টিটিউট, কুমিল্লা/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/
১৫০। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং কলেজ, বগুড়া।
৫১-১১৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ সার্বজনীন.....।

০৭(সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে উপস্থিত হয় নাই এরূপ ছাত্র-ছাত্রীদের তালিকা ২৪/০৮/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরের ওয়েব সাইটে লগ ইন করে Absent-এ Click করে অনুপস্থিত তালিকা তৈরী করতে হবে। অনুপস্থিত তালিকা তৈরির টিউটোরিয়াল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষের মেইল-এ পাওয়া যাবে।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬২.১৮.০০৩.১৬-

তারিখ : ০৩/০৮/২০১৬খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হ'ল।

- ১-৪। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। সংযুক্ত কর্মকর্তা, EMIS সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশসহ সংশ্লিষ্ট অধ্যক্ষবৃন্দের E-mail-এ প্রেরণের অনুরোধসহ।
৬। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। নথি।

(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পিআইডব্লিউ)